# Catch-Up Course

# সেতু সামগ্রী

শ্রেনী - IX | বিষয় – বাংলা (BANGLA)

সহযোগিতা – বিহার শিক্ষা পরিযোজনা পরিষদ, বিহার

অকাদেমিক সহযোগিতা - ইউনিসেফ, বিহার

রাজ্য শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ বিহার, পাটনা দ্বারা বিকশিত

প্রিয় শিক্ষক,

আমরা সবাই জানি এই কোরোনা মহামারিতে বিশ্ব মানব জাতির অপূরনীয় ক্ষতি হয়েছে। তার সঙ্গে সামাজিক, আর্থিক এবং অন্যান্য আরও অনেক ক্ষতি হয়েছে। কিন্তু সব থেকে বেশি ক্ষতি হয়েছে আমাদের শিক্ষা ক্ষেত্রে। এই ক্ষতিকে আমরা পূর্ণ করতে পারবো কি না তা জানি না। কিন্তু আমরা যদি সবাই মিলে চেষ্টা করি, তবে এই ক্ষতিকে কিছুটা কম করতে পারি। এই উদ্দেশ্যে SCERT পাটনার দ্বারা একটি চেষ্টা করা হয়েছে। যার নাম দেওয়া হয়েছে – "শিক্ষা বর্ষ 2021-22 এর জন্য তিন মাসের সেতু সামগ্রী (CATCH-UP COURSE)", এর সফলতার জন্য আপনাদের সহযোগিতার একান্ত প্রয়োজন।

এই সেতু সামগ্রী (CATCH-UP COURSE) এর কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের জানা দরকার। যার ফলে আমরা নিজেদের কাজ এবং দায়িত্বকে সঠিকভাবে নির্বাহন করতে পারবো।

## গুরুত্বপূর্ণ বিষয়

- গত বছরের সম্পূর্ণ পাঠ্যক্রমকে সংক্ষেপে তিন মাসের (60 কার্য দিবস ) মধ্যে পূর্ণ করার জন্য সেতু সামগ্রী (CATCH-UP COURSE) বিকশিত করা হয়েছে।
- শিখন ফলশ্রুতি (Learning Outcomes) কে আধার মেনে অধ্যায়/পাঠের চয়ন করা হয়েছে।
- পাঠ্যপুস্তকের মূল শৈলী, কৌশল ও উৎকর্ষতাকে বজায় রেখে পাঠের সংখ্যা কম করা হয়েছে।
- এই সেতু সামগ্রীর (CATCH-UP COURSE) সাহায্যে এবং এর নির্দেশ অনুযায়ী শিক্ষার্থীদের শিখন ক্ষতি (Learning Loss) কে পূর্ণ করার চেষ্টা করবেন।
- শিখন ফলশ্রুতিকে গ্রহণ করার জন্য পাঠের চয়ন এবং পাঠের প্রস্তুতির জন্য শিখন সূচক (Learning Indicators) দেওয়া হয়েছে, তার সঙ্গে পরামর্শমূলক প্রক্রিয়াকে ব্যবহার করার নির্দেশও দেওয়া হয়েছে।
- শিখন সূচক এবং পরামর্শমূলক প্রক্রিয়ার দ্বারা শিক্ষার্থীরা কতটা লাভবান হচ্ছে, তা শিখন ফলশ্রুতির মধ্যে দিয়ে জানা যাবে।
- শিক্ষক শিক্ষার্থীর জন্য অনুকূল পরিবেশ তৈরী করবেন ।
- উল্লিখিত গতিবিধি পরামর্শমূলক । সংসাধনের উপলব্ধতা এবং শিক্ষার্থীর পূর্ব জ্ঞানের আধারে এতে সংশোধন করা যেতে পারে ।
- যুক্তিপূর্ণ ও সঠিক প্রশ্ন জিজ্ঞাসা করা এবং শিক্ষার্থীকে ভাববার জন্য উৎসাহিত করা, এই উদ্দেশ্যকে প্রাপ্ত করতে সহায়ক হবে ।
- ই – পাঠশালা এবং ভারত সরকারের দীক্ষা পোর্টাল, শিক্ষা – হাউস, দূরদর্শন, উন্নয়ন, বিহার কেরিয়ার পোর্টাল, বিদ্যাবাহিনী, ইউটিউব, সাকসেস সিডি এডুকেশন – এ উপলব্ধ ই – সামগ্রীর উপযোগ করা যেতে পারে ।

## বিষয়- বাংলা (Bangla)

## শ্রেণি অনুযায়ী শিখন কৌশল (ফলশ্রুতি)

## শ্রেণি—IX

- সাহিত্যের বিভিন্ন অঙ্গের সঙ্গে পরিচিতি।
- ভাষার সৌন্দর্যবোধ সম্বন্ধে চেতনা।
- বাংলা ভাষা - সাহিত্য- সংস্কৃতির মূল প্রকৃতি পরিচয় লাভ এবং সেটি সংরক্ষণের জন্য উদ্বুদ্ধ হওয়া।
- লেখক / কবিদের মনোভাবকে বুঝে তার অর্থ গ্রহণ, রসাস্বাদন , বিশ্লেষণ , পুনর্বিচারের দক্ষতা।
- বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, রচনা, পত্র লেখন, বোধ পরীক্ষণ ,বাংলা থেকে হিন্দিতে অনুবাদ প্রভৃতির দক্ষতা।
- ভাষা ও সাহিত্যের সঙ্গে সম্বন্ধিত বিভিন্ন পত্র-পত্রিকা পড়ার আগ্রহ , স্বাধীনভাবে বিভিন্ন বিষয়ে চিন্তা করার, বলার ও লেখার সামর্থ্য।
- কঠিন শব্দের অর্থ জানা, শব্দের সঠিক প্রয়োগ, ভাষার উপর দক্ষতা, ভাষার বিভিন্ন কৌশল ও শৈলী, প্রবাদ-প্রবচনকে বোঝা ও তার প্রয়োগ।
- দেশাত্মবোধ এবং স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা।
- অন্ধবিশ্বাস ও কুসংস্কারমুক্ত বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি বিকাশ।
- প্রাকৃতিক সৌন্দর্যের প্রতি আকর্ষণ।
- কবিতার সফল ও সার্থক পাঠের দক্ষতা অর্জন।
- নৈতিক মূল্যবোধ, মানবিকতা , সৌজন্যবোধ , পরিবেশ সচেতনতা, সামাজিক নানা ক্রিয়া-কলাপে যুক্ত হওয়া।
- যুক্তিপূর্ণ প্রশ্ন জিজ্ঞাসা করার দক্ষতা।
- সৃজনাত্মক প্রতিভার বিকাশ।
- শব্দকোষ (অভিধান ) ,মানচিত্র , ইন্টারনেট প্রভৃতি মাধ্যমগুলির সঙ্গে পরিচয়।

क्षैक्षणिक सत्र 2021–2022 के लिये तीन महिनों की सेतु सामग्री **(CATCH - UP COURSE)**

(कक्षा– 8 के बच्चें जो सत्र 2021–22 में कक्षा– 9 में पढ़ रहे है, उसके लिये 60 कार्य दिवसों की पाठ्य सामग्री)

# শিক্ষা বর্ষ 2021-22 এর জন্য তিন মাসের সেতু সামগ্রী (CATCH - UP COURSE)

## শ্রেণি VIII (2020-2021) এর শিক্ষার্থী যারা বর্তমান শিক্ষা বর্ষ 2021-22 শ্রেণি IX এ পড়ছে, তাদের জন্য 60 কার্য দিবসের পাঠ্য সামগ্রী

CLASS :- IX SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি Learning Outcomes | অধ্যায়/পাঠ Learning | শিখন সূচক Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process | সময় নির্ধারণ Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ গল্পটি সম্পর্কে সম্যক ধারণা জন্মাবে।<br>❖ ব্যাকরণগত প্রশ্নোত্তর করতে পারবে।<br>❖ গল্পটির সারমর্ম জানবে এবং অন্যকে বোঝাতে পারবে।<br>❖ বৈরী ভাব দূর করে, একে অপরের প্রতি সৌজন্য ভ্রাতৃত্ব বোধ জাগরিত হবে।<br>❖ মানব ধর্মই শ্রেষ্ঠ ধর্ম ও অতিথি নারায়ণ- এ বিষয়ে বোধ জন্মাবে।<br>❖ শিক্ষার্থীরা গল্পটি পড়ে সে সম্পর্কে দক্ষতা অর্জন করবে এবং পর্যালোচনা সম্পন্ন করে বিষয়টি সম্পর্কে অবগত হবে।<br>❖ শিক্ষার্থীরা পাঠটির সঙ্গে সম্পর্ক রেখে অন্য একটি গল্প , আখ্যানের মর্মার্থ উপলব্ধি করতে পারবে এবং নিজের প্রতিক্রিয়া বর্ণনা করতে পারবে। | পাঠ – 1<br>গদ্য –<br>অদ্ভুত আতিথেয়তা<br>লেখক- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর<br>পৃষ্ঠা সংখ্যা - 3 - 8 | ❖ শিক্ষক শিক্ষার্থীদের সংশ্লিষ্ট পাঠ সম্পর্কে অবহিত করবেন ।<br>❖ শিক্ষার্থীদের শিখন ফলাফল সম্পর্কে বিশেষ নির্দেশিকা দেওয়া যেতে পারে। যেমন - পাঠটি প্রথমে ভালো করে শুনতে হবে তারপর নিজেরা পাঠ করবে।<br>❖ মানব ধর্মই শ্রেষ্ঠ ধর্ম, জীব প্রেমই ঈশ্বর প্রেম এ বিষয়ে আলোচনা করে, শিক্ষার্থীদের প্রশ্ন করে , তাদের উৎসাহ বৃদ্ধি করবেন।<br>❖ অতিথি সেবা ও অতিথিকে সবদিক থেকে রক্ষা করা যে মানবধর্ম, সে বিষয়ে আলোচনা করবেন।<br>❖ গল্পটির মূলভাব বলবেন।<br>❖ পাঠের সরল থেকে জটিল প্রশ্নের সমাধান খুঁজে বার করবেন।<br>❖ শিক্ষক শিক্ষার্থীদের আগ্রহ বৃদ্ধির জন্য প্রস্তাবিত গল্প সঙ্গে সম্পর্ক রেখে অন্য একটি আখ্যান সহজ-সরল ভাবে আলোচনা করবেন | ❖ গল্পটির মধ্যে নিহিত মূলভাব লেখার সুযোগ দেওয়া যেতে পারে।<br>❖ গল্পটির সরব পাঠ করানো যেতে পারে।<br>❖ মানুষের একে অপরের সাহায্য করা, শত্রু ভাব পরিহার করা- এ ধারণাটি নিয়ে বিতর্ক সভার আয়োজন করা যেতে পারে।<br>❖ নৈতিক বোধ জাগরণের জন্য অভিনয়ের মধ্য দিয়ে পাঠটি উপস্থাপন করা যেতে পারে। | 01 - 05 দিন |

CLASS :- IX SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি<br>Learning Outcomes | অধ্যায়/পাঠ<br>Learning | শিখন সূচক<br>Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া<br>Suggestive Process | সময় নির্ধারণ<br>Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ স্বাধীনতা সংগ্রামীদের সম্বন্ধে একটা স্পষ্ট ধারণা গড়ে উঠবে।<br>❖ পাঠ সংক্রান্ত /পাঠ বহির্ভূত বিষয় সম্পর্কে আলোচনা করা হবে তাতে শিক্ষার্থীরা উৎসাহিত হবে।<br>❖ পাঠটি সম্পর্কে দক্ষতা অর্জন করবে, পর্যালোচনা সম্পন্ন করে বিষয়টি সম্পর্কে অবগত হবে এবং নিজেদের মতামত প্রকাশ করবে।<br>❖ পাঠ করার পরে সে সম্বন্ধে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>❖ স্বাধীনতা আনার জন্য দেশে যে বিভিন্ন প্রকার আন্দোলন হয়েছিল যেমন - বঙ্গভঙ্গ, অসহযোগ, নমক সত্যগ্রহ প্রভৃতি সম্বন্ধে জানবে।<br>❖ দেশপ্রেম জাগবে।<br>❖ আত্মবিশ্বাসী হবে। | পাঠ - 2<br>গদ্য -<br>স্বাধীনতার সৈনিক<br>লেখক- অচিন্ত্যকুমার মুখোপাধ্যায়<br>পৃষ্ঠা সংখ্যা - 31 - 36 | ❖ সহজ-সরল ভাবে বলা।<br>❖ ভগৎ সিং এর জীবন ও স্বাধীনতা সংগ্রামে তাঁর অবদান সম্বন্ধে আলোচনা করা।<br>❖ ঘটনাক্রম ও পাত্রদের বিষয় আলোচনা করা এবং নিজের মত প্রকাশ করা ।<br>❖ শিক্ষার্থীর আগ্রহ বৃদ্ধির জন্য প্রস্তাবিত পাঠের সঙ্গে সম্পর্ক রেখে অন্য কোন গল্প সহজ-সরল ভাবে বলে পড়ার ও জানার আগ্রহ বাড়াবেন।<br>❖ শিক্ষক পাঠের নামকরণের গুরুত্ব সম্পর্কে অবগত করাবেন।<br>❖ বাংলা থেকে হিন্দিতে অনুবাদ করাবেন। | ❖ স্বাধীনতা সংগ্রামের ওপর বিচার বিমর্ষ করানো যেতে পারে।<br>❖ স্বাধীনতা সংগ্রামের প্রমুখ সংগ্রামীদের চিত্র বানানো যেতে পারে ও তাদের সম্বন্ধে সংক্ষেপে লিখতে দেওয়া যেতে পারে।<br>❖ স্বাধীনতা সংগ্রামে ছেলেদের সঙ্গে সঙ্গে এমন অনেক মেয়েরা আছে যারা নিজেদের জীবন পর্যন্ত দিয়েছিলেন, তাদের সম্বন্ধে আলোচনা ও বিবরণ সংগ্রহ করা।<br>❖ ভগৎ সিংহের ব্যক্তিত্ব সম্পর্কে চর্চা ও বিশ্লেষণ করা যেতে পারে।<br>❖ পাঠের আঁধারে বস্তুনিষ্ঠ প্রশ্নের উত্তর তৈরি করানো।<br>❖ শব্দকোষ এর ব্যবহার।<br>❖ স্বাধীনতা সংগ্রামের উপর ডকুমেন্টারি/সিনেমা দেখান যেতে পারে। | 06 - 10 দিন |

CLASS :- IX SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি<br>Learning Outcomes | অধ্যায়/পাঠ<br>Learning | শিখন সূচক<br>Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া<br>Suggestive Process | সময় নির্ধারণ<br>Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ গল্পটি পড়ে দক্ষতা অর্জন করবে এবং পর্যালোচনা সম্পন্ন করে বিষয়টি সম্পর্কে অবগত হবে।<br>❖ কুসংস্কার , অন্ধবিশ্বাসের থেকে দূরে থাকবে।<br>❖ উপস্থিত বুদ্ধি ও সাহস প্রতিদিনকার জীবনে যে কত প্রয়োজনীয় সে সম্পর্কে জানবে।<br>❖ যুক্তি দিয়ে কথা বলা শিখবে, সে সম্পর্কে ভাবনা চিন্তা করবে।<br>❖ মিথ্যা ভয় থেকে মুক্ত হওয়ার সাহস পাবে।<br>❖ সমাজের নানা কু-প্রথা , কুসংস্কার, অন্ধবিশ্বাসের প্রতি নিজের প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারবে।<br>❖ বিভিন্ন সংবেদনশীল বিষয় যেমন -জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ, রীতিনীতি প্রভৃতির ওপর পরিচিত জনের কাছে প্রশ্ন করবে ও নিজের বুদ্ধি দিয়ে বিচার করবে ।<br>❖ বোধশক্তির বিকাশ ঘটবে।<br>❖ প্রস্তুতি ছাড়া কোনো বিশেষ বিষয়ের ওপর যুক্তি সহকারে লিখতে ও বলতে পারবে।<br>❖ স্বাধীনভাবে চিন্তা করার সামর্থ্য গড়ে উঠবে। | পাঠ- 3<br>গদ্য - রাতবিরেতে<br>লেখক- সৈয়দ মুস্তাফা সিরাজ<br>পৃষ্ঠা সংখ্যা - 37 - 43 | ❖ লেখক এবং পাঠটি সম্বন্ধে অবগত করাবেন।<br>❖ কাহিনীর পরিণতি সম্বন্ধে নিজের বক্তব্য রাখবেন।<br>❖ পাঠের আধারে প্রশ্ন-জিজ্ঞাসা করবেন এবং শিক্ষার্থীর প্রশ্নের উত্তর দিবেন।<br>❖ অনুশীলনীর প্রশ্নের সঙ্গে সঙ্গে কাহিনী থেকে আরও প্রশ্ন ও তার উত্তর খুঁজে বের করানো যেতে পারে।<br>❖ নিজের বাচনভঙ্গি ও বুদ্ধিমত্তার দ্বারা সুকৌশলে শিক্ষার্থীর মধ্যে বিষয়ের প্রতি আগ্রহ সৃষ্টি করতে হবে।<br>❖ ভাষার কৌশলকে বুঝে ও সে ভাবে পড়ানো।<br>❖ প্রশ্ন জিজ্ঞাসা করা ও শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর দেওয়া। | ❖ সমাজে ব্যক্ত কুসংস্কারের বিষয়ে বোঝা ও নিজের প্রতিক্রিয়া দেওয়া।<br>❖ শিক্ষক কুসংস্কার দূরীকরণে বৈজ্ঞানিকভিত্তিক পরীক্ষামূলক শিক্ষার ব্যবস্থা করবেন।<br>❖ কাহিনীটিকে নিজের জীবনের সঙ্গে জুড়ে এমন কোন ঘটনা আশেপাশে ঘটে কিনা এবং সে সম্বন্ধে কোনও প্রশ্ন মনে জাগছে কিনা তা দেখা।<br>❖ শিক্ষার্থীর স্বাধীন চিন্তা শক্তির বিকাশে সাহায্য করবেন।<br>❖ “কুসংস্কার ও বর্তমান সমাজ”- এই বিষয়ের উপর প্রবন্ধ লিখতে বা বাদ-বিবাদ করানো। | 11 - 15 দিন |

CLASS :- IX SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি<br>Learning Outcomes | অধ্যায়/পাঠ<br>Learning | শিখন সূচক<br>Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া<br>Suggestive Process | সময় নির্ধারণ<br>Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ নিজের ভাষায় পাঠটির আলোচনা ও বিশ্লেষণ করতে পারবে।<br>❖ প্রকৃতির সৌন্দর্যের প্রতি আকর্ষন বোধ জন্মাবে।<br>❖ বিভিন্ন বিষয় ও উদ্দেশ্যে লেখার সময় ব্যাকরণজনিত বিভিন্ন শব্দ বা বাক্যকে প্রয়োগ করতে পারবে।<br>❖ ভাষা ও বোধশক্তির বিকাশ ঘটবে।<br>❖ বাচন ও লেখনশৈলীতে দক্ষতা অর্জন করবে।<br>❖ শব্দের সূক্ষ্ম পার্থক্যকে বুঝে তা দিয়ে বাক্য গঠন করতে পারবে। যেমন - দিন - দীন, কুল - কূল।<br>❖ প্রকৃতিকে উপলব্ধি করতে পারবে।<br>❖ ভাষার সৌন্দর্যবোধ সম্বন্ধে জানবে । | পাঠ - 4<br>গদ্য- বনপথে জ্যোৎস্নার রূপ<br>লেখক - বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়<br>পৃষ্ঠা সংখ্যা - 44 - 48 | ❖ পাঠটির লেখক ও তার রচনা সম্বন্ধে অবগত করাবেন।<br>❖ শিক্ষার্থীদের শিখন ফলাফল সম্বন্ধে বিশেষ নির্দেশিকা দেওয়া যেতে পারে। যেমন- পাঠটি প্রথমে ভালো করে শুনতে হবে, তারপর নিজেরা পাঠ করবে।<br>❖ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের “আরণ্যক” উপন্যাসটি সম্পর্কে সংক্ষেপে ধারণা দেবেন।<br>❖ বন ,পাহাড় , গাছ-গাছালি সম্পর্কে কৌতূহল জাগাবেন।<br>❖ বোধ পরীক্ষণের অভ্যাস করাবেন।<br>❖ ব্যাকরণ ও নির্মিতি মুলক বিভিন্ন প্রশ্ন করাবেন। | ❖ পাঠের আধারে শিক্ষার্থীদের দিয়ে প্রশ্ন নির্মাণ করানো যেতে পারে।<br>❖ পাঠ থেকে কঠিন শব্দগুলো বের করে শব্দকোষ থেকে তার অর্থ লেখার অবসর দিতে হবে।<br>❖ নিজের ভাষায় কিছু লেখার গতিবিধি করানো যেতে পারে যেমন -ডায়রি ,চিঠি ,প্রতিবেদন ইত্যাদি ।<br>❖ সুবিধাজনক নিরিবিলি প্রাকৃতিক পরিবেশে কিছু সময় অতিবাহিত করার জন্য শিক্ষার্থীকে উৎসাহিত করবেন।<br>❖ আধুনিক বিধির প্রয়োগ করে পাঠের সঙ্গে সম্পর্কযুক্ত ডকুমেন্টারি বা সিনেমা দেখানো যেতে পারে।<br>❖ সপ্তাহের শেষ দিন একটি ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে। | 16 - 20 দিন |

CLASS :- IX SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি<br>Learning Outcomes | অধ্যায়/পাঠ<br>Learning | শিখন সূচক<br>Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া<br>Suggestive Process | সময় নির্ধারণ<br>Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ গল্পটির অর্থ ,মূলভাব ,ব্যাকরণগত প্রশ্ন জানবে এবং প্রতিক্রিয়া ব্যক্ত করবে।<br>❖ ভ্রমণ কাহিনী ও শিকার কাহিনী সম্পর্কে ধারণা স্পষ্ট হবে।<br>❖ নীরব পাঠ করে তার উপকারিতা সম্বন্ধে ধারণা জন্মাবে।<br>❖ বাংলার গর্ব রয়েল বেঙ্গল টাইগার, সুন্দরবন সম্পর্কে ধারণা জন্মাবে/জানতে আগ্রহী হবে ।<br>❖ প্রকৃতিকে জানা ও বোঝার মন তৈরি হবে।<br>❖ কোন কিছুর সজীব বর্ণনা করে চোখের সামনে তা স্পষ্ট করে ছবির মতন তুলে ধরার চেষ্টা করতে পারবে।<br>❖ কেউ সংকটে পড়লে নিজের প্রাণকেও যে তুচ্ছ করা যায় সে সম্বন্ধে বোধ জন্মাবে। | পাঠ - 5<br>গদ্য- বাঘবন<br>লেখক- সুকুমার দে সরকার<br>পৃষ্ঠা সংখ্যা- 61 -69 | ❖ ব্যাকরণ সম্বন্ধীয় একক যেমন সমাস, সন্ধি, কারক, বিভক্তি, প্রভৃতিকে চেনা ও প্রয়োগ করা।<br>❖ নিজের বাচনভঙ্গি ও বুদ্ধিমত্তার দ্বারা সুকৌশলে শিক্ষার্থীর মধ্যে বিষয়ের প্রতি আগ্রহ সৃষ্টি করতে হবে।<br>❖ পাঠের সরল থেকে জটিল প্রশ্নের সমাধান খুঁজে বের করবেন।<br>❖ নামকরণের গুরুত্ব উপলব্ধি করাবেন।<br>❖ শিক্ষার্থীর আচরণকে মনোবৈজ্ঞানিক সম্মতভাবে পরিচালিত করবেন।<br>❖ শিক্ষার্থীদের শিখন ফলাফল সম্পর্কে বিশেষ নির্দেশিকা দেওয়া যেতে পারে।যেমন- পাঠটি প্রথমে ভাল করে শুনতে হবে তারপর নিজেরা পাঠ করবে। | ❖ আধুনিক বিধির প্রয়োগ করে পাঠের সঙ্গে সম্পর্কযুক্ত ডকুমেন্টারি বা সিনেমা দেখানো যেতে পারে।<br>❖ পাঠটির অন্তর্নিহিত মূলভাবটি লেখার অবসর তৈরি করা।<br>❖ রহিম বাওয়ালি সম্পর্কে শিক্ষার্থীর মনে যে কি কি ধারনা জন্মালো সে সম্পর্কে লিখতে উদ্বুদ্ধ করা।<br>❖ নিজের ভাষায় কিছু লেখার গতিবিধি করানো যেতে পারে। যেমন- ডায়রি , চিঠি, প্রতিবেদন, প্রবন্ধ ইত্যাদি । | 21 - 25 দিন |

CLASS :- IX SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি<br>Learning Outcomes | অধ্যায়/পাঠ<br>Learning | শিখন সূচক<br>Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া<br>Suggestive Process | সময় নির্ধারণ<br>Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ বিভিন্ন প্রকার নৃত্য সম্পর্কে আগ্রহ জন্মাবে।<br>❖ নিজের পরিচিত পরিবেশের মধ্যে প্রচলিত লোকনৃত্য, লোকগীত , লোকগাথার উপর আগ্রহ জন্মাবে ও সে সম্বন্ধে বলতে পারবে।<br>❖ নৃত্যকলায় ব্যবহৃত বিভিন্ন শব্দ বা ভাষার প্রয়োগ শিখতে পারবে।<br>❖ পাঠ করার পরে সে সম্বন্ধে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>❖ সমজাতীয় আরো অন্যান্য আখ্যানের মর্মার্থ উপলব্ধি করতে পারবে।<br>❖ সৃজনাত্মক শক্তির বিকাশ ঘটবে।<br>❖ নিজের মতো করে পাঠটি অন্তর্নিহিত অর্থ বলতে পারবে।<br>❖ বাংলার লোক নৃত্য সম্পর্কে শ্রদ্ধা জন্মাবে। | পাঠ- 6<br>গদ্য- বাংলার লোক নৃত্য<br>লেখক- শান্তিদেব ঘোষ<br>পৃষ্ঠা সংখ্যা- 70 -74 | ❖ ভাষার কৌশলকে বুঝে ও সেভাবে পড়ানো।<br>❖ লেখক পরিচিতি ও পাঠ্য বিষয় সম্বন্ধে সহজভাবে শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করবেন।<br>❖ বাংলার লোকনৃত্য সম্পর্কে শিক্ষার্থীদের সামনে একটি তালিকা তুলে ধরবেন।<br>❖ বাংলার লোকনৃত্য ও লোকশিল্পের মূল প্রকৃতির পরিচয় দেবেন।<br>❖ প্রশ্ন জিজ্ঞাসা করা ও শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর দেওয়া।<br>❖ বোধ পরীক্ষনের অভ্যাস করাবেন। | ❖ পাঠের আধারে বস্তুনিষ্ঠ প্রশ্ন ও তার উত্তর খুঁজে বের করা।<br>❖ বিভিন্ন নৃত্য শৈলীকে আধুনিক বিধির মাধ্যমে দেখানো।<br>❖ শিক্ষার্থীর অন্তর্নিহিত শিল্পসত্তাকে খুঁজে বের করার জন্য সাংস্কৃতিক অনুষ্ঠান করা যেতে পারে।<br>❖ শব্দকোষে ব্যবহার করা।<br>❖ বিভিন্ন নৃত্যের যে বিভিন্ন ধরনের পোশাক হয় সে সম্বন্ধে আগ্রহী করা।<br>❖ পাঠটি সহজ ভাবে বুঝার জন্য বিভিন্ন ধরনের ভিডিও , তথ্যচিত্র উপস্থাপন করা যেতে পারে।<br>❖ শিক্ষার্থীদের লোকনৃত্যের উপর একটি ভিডিও দেখানো যেতে পারে।<br>❖ সম্পূর্ণ পাঠ থেকে বস্তুনিষ্ঠ , এককথায় প্রকাশ , অল্প কথায় লেখা প্রশ্ন বের করে তার উত্তর দেখানো যেতে পারে। | 26 - 30 দিন |

CLASS :- IX SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি Learning Outcomes | অধ্যায়/পাঠ Learning | শিখন সূচক Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process | সময় নির্ধারণ Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ নিজের মতো করে কবিতাটির অর্থ বলতে ও লিখতে পারবে।<br>❖ নিজের ভাষায় কবিতাটি আলোচনা ও বিশ্লেষণ করতে পারবে।<br>❖ কবিতাটির সরব ও নীরব পাঠ করতে পারবে।<br>❖ পাঠ করার পরে কবিতাটি সম্বন্ধে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>❖ নিজের ভাষার প্রতি শ্রদ্ধা ও আকর্ষণ বোধ গড়ে উঠবে।<br>❖ পত্র লিখতে শিখবে। | পাঠ- 7<br>পদ্য- বঙ্গভাষা<br>কবি- মাইকেল মধুসূদন দত্ত<br>পৃষ্ঠা সংখ্যা – 70- 80 | ❖ কবিতাটির বিষয়বস্তু সরলভাবে শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করবেন।<br>❖ পাঠের আধারে প্রশ্ন জিজ্ঞাসা করবেন এবং শিক্ষার্থীর প্রশ্নের উত্তর দেবেন।<br>❖ কবিতাটির ভাষা ছন্দ ও তার লয় সহযোগে উপস্থাপন করবেন।<br>❖ কবিতার নামকরণ সম্বন্ধে আলোচনা করবেন।<br>❖ শব্দ কোষের ব্যবহার করবেন।<br>❖ পাঠের সঙ্গে মিল রেখে ভিন্ন একটি পাঠ আলোচনা করবেন।<br>❖ বিভিন্ন ধরণের পত্র লেখার অভ্যাস করানো হবে। | ❖ কবিতাটির সরব পাঠ একা এবং সমূহে করানো যেতে পারে ।<br>❖ কবিতার অন্তর্নিহিত মূলভাব সম্বন্ধে লিখতে ও বলতে পারার সুযোগ দিতে হবে।<br>❖ কবিতাটি থেকে তৎসম, তদ্ভব ও বিভিন্ন বিদেশি শব্দের সূচি বানানো যেতে পারে।<br>❖ কঠিন শব্দের অর্থ শব্দকোষ থেকে খুঁজে বের করার সুযোগ দিতে হবে।<br>❖ পাঠের বিষয় অবলম্বনে বস্তুনিষ্ঠ, সংক্ষিপ্ত , একটি বাক্যে উত্তর দেওয়ার মত প্রশ্নের উত্তর দেওয়ার মত প্রশ্নের উপর গুরুত্ব দিতে হবে।<br>❖ বোধ পরীক্ষণ করানো যেতে পারে । | 31 – 35 দিন |

CLASS :- IX　　　　　　　　　　　　　　　　　　　　　　　　SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি<br>Learning Outcomes | অধ্যায়/পাঠ<br>Learning | শিখন সূচক<br>Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া<br>Suggestive Process | সময় নির্ধারণ<br>Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ কবিতার অর্থ, ভাবার্থ ,ব্যাকরণগত প্রশ্ন, সারমর্ম জানবে এবং সে সম্পর্কে প্রতিক্রিয়া করতে পারবে।<br>❖ প্রকৃতির রূপমুগ্ধতার প্রতি শিক্ষার্থীর আকর্ষণ বোধ জন্মাবে।<br>❖ শিক্ষার্থীরা সরব ও নীরব পাঠের সঙ্গে সঙ্গে কবিতার নিহিত অর্থ জানবে।<br>❖ এই পাঠের সঙ্গে সম্পর্কযুক্ত কবিতার মর্মার্থ উপলব্ধি করতে পারবে। | পাঠ - 8<br>পদ্য - নদী<br>কবি - রবীন্দ্রনাথ ঠাকুর<br>পৃষ্ঠা সংখ্যা - 81 - 85 | ❖ কবিতাটির সারমর্ম নিজের মতো করে বুঝিয়ে বলবেন।<br>❖ কবি পরিচিতি দেবেন ।<br>❖ পাঠ সংক্রান্ত বিভিন্ন প্রশ্ন যেমন – নদীর উৎস কোথায় , নদীর সঙ্গে পাহাড়ের কি সম্পর্ক ইত্যাদি ব্যাপারে জানিয়ে শিক্ষার্থীদের জিজ্ঞাসার উপশম করবেন।<br>❖ কবিতাটি সুর করে ছন্দ লয় তালে ছাত্রদের পড়ে শোনাবেন।<br>❖ সম্ভাব্য কিছু প্রশ্ন ছাত্রদের সামনে রেখে তাদের কৌতুহল বৃদ্ধি করাবেন।<br>❖ নদী সম্পর্কে একটি সম্যক ধারণা দেবেন। | ❖ আবৃত্তি করার অবসর দেওয়া যেতে পারে ।<br>❖ শিক্ষার্থীর ব্যক্তিগত জীবনের সঙ্গে নদী কীভাবে সম্পর্কিত তা ভাবার সুযোগ দেবেন।<br>❖ কবিতায় অন্তর্ভুক্ত ভাবগুলি নিজের ভাষায় লেখার সুযোগ দেওয়া।<br>❖ নদী সম্বন্ধে একটি ধারণা ছাত্রদের সামনে উপস্থাপন করবেন । যেমন- নদীর উপকারিতা, নদীর উৎপত্তি ইত্যাদি।<br>❖ নদী এবং প্রাকৃতিক পরিবেশের উপর ভিত্তি করে একটি তথ্যচিত্র বা ভিডিও শিক্ষার্থীদের সামনে তুলে ধরতে পারেন ।<br>❖ রবীন্দ্রনাথ ঠাকুর সম্বন্ধে প্রবন্ধ লেখার সুযোগ দেওয়া যেতে পারে । | 36 - 40 দিন |

CLASS :- IX SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি<br>Learning Outcomes | অধ্যায়/পাঠ<br>Learning | শিখন সূচক<br>Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া<br>Suggestive Process | সময় নির্ধারণ<br>Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ কবিতাটি পড়ে মাতৃত্ববোধের গভীরতা অনুভব করতে পারবে।<br>❖ শিক্ষার্থীরা প্রশ্ন জিজ্ঞাসা করে এবং জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>❖ শিক্ষার্থীরা একে অপরের সাথে আলোচনা করে এবং নিজ প্রতিক্রিয়া জানাতে পারবে।<br>❖ কবিতাটির অর্থ, ব্যাকরণগত প্রশ্ন, সারমর্ম জানবে এবং তাদের সম্পর্কে প্রতিক্রিয়া ব্যক্ত করবে।<br>❖ পাঠ্য বিষয় বহির্ভূত অন্য কবিতা পড়ার দক্ষতা অর্জন করবে। | পাট - 9<br>পদ্য- একটি মানিক<br>কবি - প্যারীমোহন সেনগুপ্ত<br>পৃষ্ঠাসংখ্যা - 86 - 88 | ❖ শিক্ষক কবিতাটির মূলভাব সহজভাবে উপস্থাপন করবেন।<br>❖ পাঠের মধ্যে নিহিত প্রশ্ন গুলো খুঁজে উত্তর বার করতে সাহায্য করবেন।<br>❖ কবিতা পাঠে শিক্ষার্থীদের কৌতূহল সৃষ্টি করবেন।<br>❖ ছন্দ যতি, লয় মেনে সরব পাঠ শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করবেন।<br>❖ কবিতাটি আবৃত্তি করবেন এবং নিজর অভিমত শিক্ষার্থীদের সামনে তুলে ধরবেন।<br>❖ মানুষের সঙ্গে গাছকে একাত্ম করে, সন্তান হারানোর বেদনাকে যে ভাবে কবি ব্যক্ত করেছেন , সেই ভাব শিক্ষার্থীদের সামনে তুলে ধরা। | ❖ পাঠের মধ্যে নিহিত কঠিন শব্দ , ভাবার্থ খুঁজে বার করার সুযোগ প্রদান করবেন।<br>❖ পাঠের মধ্যে নিহিত ভাবকে লেখার সুযোগ প্রদান করবেন।<br>❖ প্রকৃতিকে মা - এর তুল্য ভাববার অবকাশ প্রদান করা।<br>❖ পাঠের মধ্য থেকে বিভিন্ন প্রশ্ন তুলে তার সমাধানে কৌতুহল বৃদ্ধি করার সুযোগ প্রদান করা।<br>❖ পাঠের বিষয়ে অবলম্বনে বস্তুনিষ্ট, সংক্ষিপ্ত , একটি বাক্যে উত্তর দেওয়ার মতো প্রশ্নের উপর গুরুত্ব দিতে হবে।<br>❖ "গাছেরও প্রাণ আছে"- এই বিষয়ের উপর অনুচ্ছেদ লেখানো যেতে পারে। | 41 - 45 দিন |

CLASS :- IX SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি<br>Learning Outcomes | অধ্যায়/পাঠ<br>Learning | শিখন সূচক<br>Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া<br>Suggestive Process | সময় নির্ধারণ<br>Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ কুসংস্কার মুক্ত মন গড়ে তুলতে সাহায্য করবে।<br>❖ পড়াশোনা করলে সত্যিকারের বড় এবং ভালো মনের মানুষ হয়ে ওঠা যায় এই বোধ গড়ে উঠতে সাহায্য করবে।<br>❖ কুসংস্কারের যাঁতাকলে পড়লে ভাল না হয়ে বরং ক্ষতি হয় এই বোধ জাগ্রত হবে।<br>❖ শিক্ষার্থীরা পাঠের উপর ভিত্তি করে পারস্পারিক আলোচনা এবং নিজ প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারবে।<br>❖ কবিতাটি নীরব পাঠ এবং নিহিত অর্থ সম্পর্কে জানতে পারবে | পাঠ - 10<br>পদ্য- পাশের পড়া<br>লেখিকা- আশা দেবী<br>পৃষ্ঠা সংখ্যা - 98 - 101 | ❖ কুসংস্কার কি ? কুসংস্কার জীবনে চলার পথে কতটা বাধা সৃষ্টি করে সে সম্পর্কে ধারণা দেবেন।<br>❖ পাঠের সঙ্গে সম্পর্ক রেখে অন্য একটি গল্প বা ঘটনার বর্ণনা করে সংশ্লিষ্ট পাঠ সম্পর্কে অবগত করবেন।<br>❖ কবিতায় দেওয়া প্রশ্নগুলোর উত্তর নিজেরা খুঁজে বের করবে শিক্ষক তাদের উৎসাহিত করবেন।<br>❖ পাঠটি প্রথমে ভালো করে শুনাবে তারপর শিক্ষার্থীদের দিয়ে পাঠ করাবেন।<br>❖ পাঠটির সরব পাঠ দেবেন ও শিক্ষার্থীদের দিয়েও সরব পাঠ করাবেন।<br>❖ কুসংস্কার ও অজুহাত – দুটোই যে পড়াশোনায় বাধা সৃষ্টি করে , মানুষের মনকে দুর্বল করে তুলে সে সম্বন্ধে আলোচনা করবেন। | ❖ পাঠটি সম্পর্কে শিক্ষার্থীদের নিজস্ব চিন্তাধারা ব্যক্ত করার সুযোগ দিতে হবে।<br>❖ পাঠের মধ্যে নিহিত প্রশ্ন তৈরি করা এবং তার সমাধান করার সুযোগ করে দেওয়া।<br>❖ বৈজ্ঞানিক দৃষ্টি দিয়ে কুসংস্কারকে বিচার করার কৌতূহল সৃষ্টি করা।<br>❖ কঠিন শব্দের অর্থ শব্দকোষ থেকে খুঁজে বের করতে সুযোগ দেওয়া।<br>❖ পাঠের মূলভাব লেখার সুযোগ প্রদান করা।<br>❖ পাঠ্য ব্যাকরণ, যেমন- ক্রিয়া, কারক, সন্ধি, সমাস প্রভৃতি নির্ণয় করার সুযোগ প্রদান করা।<br>❖ পাঠের শেষে একটি ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে ।<br>❖ ভাল করে পড়াশুনা করার জন্য কোন কোন অধ্যাবসায়ের প্রয়োজন, সে সম্পর্কে একটা তালিকা প্রস্তুত করা যেতে পারে। | 46 - 50 দিন |

CLASS :- IX

SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি<br>Learning Outcomes | অধ্যায়/পাঠ<br>Learning | শিখন সূচক<br>Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া<br>Suggestive Process | সময় নির্ধারণ<br>Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ নৈতিক মূল্যবোধ গড়ে উঠবে।<br>❖ মানব সেবার আনন্দের কাছে যে অভাব-অনটন তুচ্ছ সেই বোধ গড়ে উঠবে।<br>❖ মানবপ্রেম- ই শ্রেষ্ঠ ধর্ম সে সম্পর্কে ধারণা জন্মাবে।<br>❖ কবিতাটি সম্পর্কে দক্ষতা অর্জন করবে এবং পর্যালোচনা সম্পন্ন করে বিষয়টি সম্পর্কে অবগত হবে।<br>❖ পাঠের নিহিত অর্থ সম্পর্কে জানবে এবং তা বুঝতে ও লিখতে পারবে।<br>❖ নিজের মনের কথাকে অভিব্যাক্ত করার বিভিন্ন শৈলিকে বুঝতে শেখে এবং নিজে বিভিন্ন শৈলিতে লেখার জন্য তৈরি হয় । | পাঠ -11<br>পদ্য- মানুষের গল্প<br>কবি- আশীষ কুমার মুখোপাধ্যায়<br>পৃষ্ঠা সংখ্যা- 110 -113 | ❖ কবিতাটি সহজ ভাবে সহজ ভাষায় সারমর্ম বলবেন।<br>❖ নৈতিক মূল্যবোধ, মানবপ্রেম, জীবসেবা কি, সে সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান করবেন।<br>❖ পাঠের মধ্যে থেকে বিভিন্ন প্রশ্ন তুলে ধরে তার সমাধানের উৎসাহ প্রদান করবেন।<br>❖ পাঠের বিভিন্ন জটিল শব্দ ও ব্যাকরণের আলোচনা করবেন।<br>❖ পাঠের সঙ্গে মিল রেখে ভিন্ন পাঠ আলোচনা করবেন।<br>❖ একটা গল্প যে কিভাবে কবিতার রূপ নিতে পারে সে সম্বন্ধে জানাবেন । | ❖ নৈতিক মূল্যবোধ এর উপর একটি গল্প, কাহিনী , আখ্যান উপস্থাপন করতে পারেন।<br>❖ শিক্ষার্থীদের মানবপ্রেম জাগরণের জন্য বিভিন্ন সমাজ সংস্কারকদের জীবনী উপস্থাপন করবেন।<br>❖ পাঠের মূলভাব লিখতে বলা যেতে পারে।<br>❖ পাঠের মধ্যে নিহিত কঠিন শব্দ, ভাবার্থ, খুঁজে বার করার সুযোগ প্রদান করবেন।<br>❖ প্রশ্ন করতে উদ্দীপ্ত করবেন।<br>❖ পাঠের বিষয় অবলম্বনে বস্তুনিষ্ঠ, সংক্ষিপ্ত , একটি বাক্যে উত্তর দেওয়ার মতো প্রশ্ন উপর গুরুত্ব দিতে হবে। | 51 - 55 দিন |

CLASS :- IX                                                                                    SUBJECT :- বাংলা (BANGLA)

| শিখন ফলশ্রুতি<br>Learning Outcomes | অধ্যায়/পাঠ<br>Learning | শিখন সূচক<br>Learning Indicators | পরামর্শমূলক প্রক্রিয়া<br>Suggestive Process | সময় নির্ধারণ<br>Duration(In Days) |
|---|---|---|---|---|
| ❖ নগরায়ন যে প্রকৃতিকে গ্রাস করেছে সে সম্পর্কে বোধ জন্মাবে।<br>❖ ইট, কাঠে গড়া নগরকেন্দ্রিকতা থেকে গ্রামীন পল্লীপ্রকৃতির শান্ত স্নিগ্ধ প্রাকৃতিক পরিবেশ যে শ্রেষ্ঠ, সে সম্পর্কে ধারণা লাভ করবে।<br>❖ গ্রামীণ পরিবেশ ও প্রকৃতির চিত্র কল্পনা করতে পারবে।<br>❖ গ্রাম ও শহরের প্রাকৃতিক দৃশ্যাবলী বর্ণনা ও পার্থক্য করতে শিখবে।<br>❖ পাঠটির অর্থ ,ব্যাকরণগত প্রশ্ন, সারমর্ম ইত্যাদি সম্পর্কে প্রতিক্রিয়া করতে পারবে।<br>❖ কবিতাটি সম্পর্কে দক্ষতা অর্জন করবে।<br>❖ কবিতাটির সঙ্গে সম্পর্ক রেখে ভিন্ন কবিতা পাঠ করতে আগ্রহী হবে । | পাঠ - 12<br>পদ্য - স্বপ্নগুলো হারিয়ে যায়<br>কবি- অমিতাভ গঙ্গোপাধ্যায়<br>পৃষ্ঠা সংখ্যা- 114 -116 | ❖ পাঠটি শিক্ষার্থীর সামনে সহজ-সরল ভাবে উপস্থাপন করে নিজস্ব প্রতিক্রিয়া ব্যক্ত করবেন।<br>❖ অনুশীলনের প্রশ্নগুলোর সমাধান করাবেন এবং প্রশ্ন করতে উদ্বুদ্ধ করবেন।<br>❖ শিক্ষার্থীদের পড়তে এবং প্রশ্ন করতে কৌতুহলী করে তুলবেন।<br>❖ গ্রামীণ ও শহরের জীবনের প্রাকৃতিক পরিবেশ সম্পর্কে ধারণা প্রদান করবেন।<br>❖ কল্পনা শক্তি ও সৃজনশীলতার বিকাশ ঘটাতে গ্রামীণ ও শহরের পরিবেশ সম্পর্কে তুলনা মূলক প্রবন্ধ লিখতে বলবেন। | ❖ গ্রামীণ ও শহরের জীবনের উপর প্রাকৃতিক পরিবেশ ভিত্তিক একটি ভিডিও বা কিছু ছবি দেখানো যেতে পারে।<br>❖ পাঠের মূলভাব লিখতে বলা যেতে পারে।<br>❖ নিজের ভাষায় প্রকৃতি সম্পর্কে বলার সুযোগ দিতে হবে।<br>❖ কবিতায় কবি কি বলতে চেয়েছেন সে সম্পর্কে একটি বিতর্ক সভার আয়োজন করা যেতে পারে। বিষয় : শহুরে পরিবেশ বনাম গ্রামীণ পরিবেশ।<br>❖ "বন সংরক্ষণ" এর উপর একটি আলোচনা সভা করানো যেতে পারে ।<br>❖ কোন বিশেষ দিনে "বৃক্ষরোপন" উৎসব করানো যেতে পারে । | 56 -60 দিন |

# বাংলা

# লেখন

| নাম | বিদ্যালয়/ সংস্থানের নাম |
|---|---|
| ড.  বর্ণালী বসাক, সহায়ক অধ্যাপিকা | রাজকীয় মহিলা মহাবিদ্যালয়, গর্দনীবাগ, পাটনা |
| ড. সাগর সরকার, সহায়ক অধ্যাপক | বাংলা বিভাগ, পাটনা বিশ্ববিদ্যাল, পাটনা |
| শ্রী জগদীশ কুমার বর্মন, সহায়ক শিক্ষক | রাজ ইন্টার কলেজ বেতিয়া, পশ্চিম চম্পারণ |

অকাদেমিক সহযোগিতা - রাজ্য শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, বিহারের ফ্যাকাল্টি সদস্যগণ।

- ড. কিরণ শরণ, জয়েন্ট সূচক   সহ-  বিভাগীয় ইনচার্জ ভাষা এবং সামাজিক বিজ্ঞান বিভাগ।
- ড. রশ্মি প্রভা, বিভাগীয় ইনচার্জ,  বিজ্ঞান এবং গণিত শিক্ষা বিভাগ।
- ড. রীতা রায়,  বিভাগীয় ইনচার্জ, অধ্যাপক শিক্ষা বিভাগ।
- ড.বীর কুমারী কুজুর,  বিভাগীয় ইনচার্জ, শিক্ষা শাস্ত্র পাঠ্যচর্যা, পাঠক্রম এবং মূল্যায়ন বিভাগ।
- ড. শ্রী রামবিনয় পাসওয়ান, বিভাগীয় ইনচার্জ, দূরশিক্ষা বিভাগ ।
- ড. স্নেহাশীষ দাস,  বিভাগীয় ইনচার্জ, বিদ্যালয়ী শিক্ষা বিভাগ।
- ড. রাধারমন প্রসাদ,  বিভাগীয় ইনচার্জ,  শারীরিক, কলা এবং ক্র্যাফট বিভাগ।
- ড. রাজেন্দ্র প্রসাদ মন্ডল, বিভাগীয় ইনচার্জ ,  গবেষণা যোজনা এবং নীতি বিভাগ।
- ড. তেজ নারায়ণ প্রসাদ, ব্যাখ্যাতা , বিজ্ঞান এবং গণিত শিক্ষা বিভাগ।
- ড. অর্চনা , ইনচার্জ , শিক্ষা মনোবিজ্ঞান বিভাগ।
- শ্রীমতী বিভা রানী, সমন্বয়ক জনসংখ্যা শিক্ষা কোষাঙ্গ।
- শ্রীমতী আভা রানী, সম্প্রতি ব্যাখ্যাতা , SCERT, পাটনা ।